

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.৩১

তারিখ: ১৮ মাঘ ১৪২৮

০১ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: সকল বিভাগের বিভিন্ন ধরনের অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব মিলিং ক্ষমতা নির্ণয়।

সূত্র: ১) খাদ্য অধিদপ্তরের ৩/১/২২ তারিখের ০৩নং স্মারকের পত্র;

২) ২৬/০১/২০২২ তারিখের ইনোভেশন সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সকল বিভাগের বিভিন্ন ধরনের অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব মিলিং ক্ষমতা একই পদ্ধতিতে (Uniquely) নির্ণয় করার জন্য “মিলিং ক্ষমতা নির্ণয়” সফটওয়্যারের সাথে অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয় ফরমসংযুক্ত করা হয়। এ প্রেক্ষিতে গত সূত্রস্থ ১ নং স্মারকে ০৮টি বিভাগের ০৮টি জেলার সদর উপজেলার অন্তত ০২টি করে অটোরাইস মিলের তথ্য ১০/০১/২০২২ খ্রি. তারিখের মধ্যে অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয় ব্যবস্থাপনা সফটওয়্যার-এ অটোমেটিক (প্রস্তাবিত) চালকলের পাক্ষিক মিলিং ফরমে ডাটা এন্ট্রি দিয়ে অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয়ের গাণিতিক ফলাফল পরীক্ষা করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে গত ২৬/০১/২২ খ্রি. তারিখের ইনোভেশন টিমের সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত হয়ঃ

১) সকল বিভাগের বিভিন্ন ধরনের (প্রতিটি ধরনের একটি করে) অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব হাঁটাই ক্ষমতা ১২/০২/২০২২ তারিখের মধ্যে নির্ণয় করে তথ্যসমূহ খাদ্য অধিদপ্তরের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ করতে হবে।

২) অটোমেটিক চালকলের তথ্য সংগ্রহের ক্ষেত্রে ফর্মে চালকলের প্রতিষ্ঠা কাল, কোম্পানির নাম (যেমন-Buhler/Satake ইত্যাদি), Clone এর ক্ষেত্রে একক ইউনিট/যন্ত্রাংশের ব্র্যান্ড নাম, প্রস্তুতকারী দেশের নাম ইত্যাদি তথ্যাদি সংগ্রহপূর্বক মিলিং ক্ষমতা নির্ণয় ফরম ও সফটওয়্যারে অন্তর্ভুক্ত করতে হবে;

৩) পারবয়েলিং ইউনিট এর হাঁড়ির তথ্য ও ধারণক্ষমতা এবং চালু ড্রায়ারের সংখ্যা ও ক্যাপাসিটি পৃথকভাবে হালনাগাদকৃত ফর্ম ও সফটওয়্যারে অন্তর্ভুক্ত করতে হবে;

৪) কোম্পানি কর্তৃক সরবরাহকৃত Manual/Literature বা L/C তে বর্ণিত মিলিং ইউনিটের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশসমূহের যেমন- ডি-হাস্কার, পলিশার/হোয়াইটনারের সংখ্যা, রোটোরি শিষ্টার, গ্রেডার এর ক্ষমতা (যদি থাকে) ইত্যাদি তথ্যাদি সহায়ক তথ্য (Supporting Information) সফটওয়্যার সন্নিবেশ করা যেতে পারে;

৫) হাঁটাই ক্ষমতা নির্ণয়ে কালার সর্টার অতি গুরুত্বপূর্ণ ইউনিট। তাই কালার সর্টারের চ্যানেল/চেম্বার ও প্রযুক্তিগত তথ্যাদি জানা থাকলে গুণগতমান ও বিনির্দেশ সম্পন্ন চাল উৎপাদন ক্ষমতা ও সক্ষমতা নিশ্চিত হওয়া যায়। তাই এ অংশের সক্ষমতা/ হাঁটাই ক্ষমতা নির্ণয়কল্পে সরেজমিনে মিলে উপস্থিত থেকে মিলের সকল ইউনিট চালু থাকা অবস্থায় নির্ণয় করতে হবে।

এমতাবস্থায়, উক্ত সভার সিদ্ধান্তের আলোকে সকল বিভাগের বিভিন্ন ধরনের (প্রতিটি ধরনের একটি করে) অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব মিলিং ক্ষমতা (চালকলে উপস্থিত থেকে) ১২/০২/২০২২ তারিখের মধ্যে নির্ণয় করে তথ্যসমূহ খাদ্য অধিদপ্তরের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয় ফরম

১-২-২০২২

আব্দুল্লাহ আল মামুন

অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২২২৩৩৮১৮৭১

ইমেইল: adg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.৩১/১(৪)

তারিখ: ১৮ মাঘ ১৪২৮

০১ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর

১-২-২০২২

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট